'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2023

## DSC1/2-P3-BENGALI

## NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

## DSC3A/3B

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'গৌরাঙ্গ বিষয়ক' পদ ও 'গৌরচন্দ্রিকা'র পার্থক্য লেখো।

(খ) বৈষ্ণব পদাবলী সাহিত্যের তিনজন পদকর্তার নাম ও তাঁদের একটি করে পদের প্রথম পংক্তি উল্লেখ করো।

(গ) 'তাতল সৈকতে বারিবিন্দু সম' — এটি কোন পর্যায়ের পদ ? রচয়িতার নাম কী ? পদটি কোন ভাষায় রচিত ?

(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর-এর 'লোকসাহিত্য' গ্রন্থে ক'টি প্রবন্ধ আছে ? প্রবন্ধগুলির নাম লেখো।

(ঙ) 'শিব ঠাকুরের বিয়ে হল, তিন কন্যে দান' —'তিন কন্যে'র কাজ উল্লেখ করো। এদের মধ্যে কাকে রবীন্দ্রনাথ সর্বাপেক্ষা বুদ্ধিমতী বলেছেন ?

(চ) 'দাদা গো দাদা শহরে যাও' — ছড়াটি কোন প্রবন্ধের অন্তর্গত ? এর মূল ভাবটি ব্যক্ত করো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে' — পদটির রচয়িতা কে ? পদটিতে চৈতন্যদেবের যে ভাবমূর্তির পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'কন্টক গাড়ি কমলসম পদতল' — এটি কোন পর্যায়ের পদ ? কবির নাম কী ? পদটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) 'কি কহব রে সখী আনন্দ ওর' — কার লেখা কোন পর্যায়ের পদ ? কার এবং কেন আনন্দের শেষ নেই ব্যাখ্যা করো।

(ঘ) 'খোকা যাবে মাছ ধরতে ক্ষীর নদীর কূলে' —ছড়াটির সৌন্দর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'আয় রে আয় টিয়ে নায়ে ভরা দিয়ে' — ছড়াটি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমতের পরিচয় দাও।

(চ) 'আজ দুর্গার অধিবাস, কাল দুর্গার বিয়ে।' — ছড়াটিতে যে করুণরস প্রকাশিত হয়েছে, তার পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) পূর্বরাগ কাকে বলে ? এর সঙ্গে অনুরাগের পার্থক্য কী ? তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে পূর্বরাগ ও অনুরাগের বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।

(খ) 'মাথুর' বলতে কী বোঝো ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? 'মাথুর'-এর পদ রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথ কর্তৃক সংগৃহীত দু'টি ছেলেভুলানো ছড়ার উল্লেখ করে সেগুলির কাব্যসৌন্দর্যের পরিচয় দাও।

(ঘ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে 'কৃষ্ণধারা-বিষয়ক' ছড়াগুলিতে বাঙালির ভাবের কথা যেভাবে ব্যক্ত হয়েছে, তা ব্যাখ্যা করো।

——×——